বিল নং........................................,২০২৪

জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ এর অধিকতর সংশোধনকল্পে আনীত

বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ (২০০৪ সনের ২৯ নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।— (১) এই আইন জন্ম ও মৃত্যু নিবন্ধন (সংশোধন) আইন, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **২০০৪ সনের ২৯ নং আইনের ধারা ৪ এর সংশোধন**।- উক্ত আইনের ধারা ৪ এর উপ-ধারা (১) এর দফা (ক) হইতে (ঙ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) হইতে (ঙ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(ক) সিটি কর্পোরেশন এলাকায় জন্মগ্রহণকারী, মৃত্যুবরণকারী অথবা স্থায়ীভাবে বসবাসকারী ব্যক্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্পোরেশনের মেয়র বা, ক্ষেত্রমত, প্রশাসক বা সরকার বা তৎকর্তৃক, নির্ধারিত সময় ও অধিক্ষেত্রের জন্য, ক্ষমতাপ্রদত্ত কোন কর্মকর্তা বা কাউন্সিলর;

(খ) পৌরসভা এলাকায় জন্মগ্রহণকারী, মৃত্যুবরণকারী অথবা স্থায়ীভাবে বসবাসকারী ব্যক্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট পৌরসভার মেয়র বা, ক্ষেত্রমত, প্রশাসক বা তৎকর্তৃক, নির্ধারিত সময় ও অধিক্ষেত্রের জন্য, ক্ষমতাপ্রদত্ত কোন কর্মকর্তা বা কাউন্সিলর;

(গ) ইউনিয়ন পরিষদ এলাকায় জন্মগ্রহণকারী মৃত্যুবরণকারী অথবা স্থায়ীভাবে বসবাসকারী ব্যক্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা ক্ষেত্রমত, প্রশাসক বা সরকার কর্তৃক, নির্ধারিত সময় ও অধিক্ষেত্রের জন্য, ক্ষমতাপ্রদত্ত কোন কর্মকর্তা বা সদস্য;

(ঘ) ক্যান্টনমেন্ট এলাকায় জন্মগ্রহণকারী, মৃত্যুবরণকারী অথবা স্থায়ীভাবে বসবাসকারী ব্যক্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট ক্যান্টনমেন্ট বোর্ডের নির্বাহী কর্মকর্তা বা তৎকর্তৃক ক্ষমতাপ্রদত্ত কোন কর্মকর্তা;

(ঙ) বিদেশে জন্মগ্রহণকারী, মৃত্যুবরণকারী অথবা সরকার কর্তৃক সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা নির্দিষ্ট সময় বা তারিখ পর্যন্ত বিদেশে বসবাসরত কোন বাংলাদেশীর ক্ষেত্রে বাংলাদেশ দূতাবাসের রাষ্ট্রদূত বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রদত্ত কোন কর্মকর্তা"।

৩। **২০০৪ সনের ২৯ নং আইনের ধারা ৭ এর সংশোধন**।— উক্ত আইনের ধারা ৭ এর উপ-ধারা (২) "নির্দিষ্ট সময়ের" শব্দের পর "মধ্যে" শব্দটি সন্নিবেশিত হইবে।

৪। **২০০৪ সনের ২৯ নং আইনের ধারা ৯ এর সংশোধন।**– উক্ত আইনের ধারা ৯ এর উপ-ধারা (১) এর দফা (ক) এ উল্লিখিত “সচিব” শব্দের পরিবর্তে “ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা” শব্দ প্রতিস্থাপিত হইবে।

৫। **২০০৪ সনের ২৯ নং আইনে নূতন ধারা ৯ক এর সন্নিবেশ।**– উক্ত আইনের ধারা ৯ এর পর নিম্নরূপ নূতন ধারা ৯ক সন্নিবেশিত হইবে, যথা:-

> “**৯ক। স্বাস্থ্য বিভাগ কর্তৃক রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়কে তথ্য প্রদান।**–স্বাস্থ্য বিভাগ চিকিৎসা প্রতিষ্ঠানে জন্ম ও মৃত্যুর তথ্য রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়কে সরবরাহ করিবে।”

৬। **২০০৪ সনের ২৯ নং আইনের ধারা ১৫ এর সংশোধন।** – উক্ত আইনের ধারা ১৫ এর উপ-ধারা (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (১) প্রতিস্থাপিত হইবে, যথা:-

> “(১) নিবন্ধন বহিতে বা, ক্ষেত্রমত, জন্ম বা মৃত্যু সনদে কোন ভুল তথ্য লিপিবদ্ধ হইয়া থাকিলে, উহা সংশোধনের জন্য নির্ধারিত ফিসহ সংশ্লিষ্ট নিবন্ধকের বরাবরে আবেদন করা যাইবে। তবে, জন্ম বা মৃত্যুর ৪৫ দিনের মধ্যে সনদ সংশোধনের ক্ষেত্রে কোনরূপ ফি প্রযোজ্য হইবে না।”

৭। **২০০৪ সনের ২৯ নং আইনের ধারা ১৫ এর সংশোধন।**– উক্ত আইনের ধারা ১৫ এর উপ-ধারা (৩) এর দফা (অ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (অ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

> “(অ) দফা (ক), (খ) ও (ঘ) এ উল্লিখিত নিবন্ধক সংশ্লিষ্ট জেলা প্রশাসক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত তাঁর কার্যালয়ের অতিরিক্ত জেলা প্রশাসকের নিম্নে নহেন এমন কোন কর্মকর্তা।”

৮। **২০০৪ সনের ২৯ নং আইনে নূতন ধারা ১৫খ ও ১৫গ এর সন্নিবেশ।**– উক্ত আইনের ধারা ১৫ এর পর নিম্নরূপ নূতন ধারা ১৫খ ও ১৫গ সন্নিবেশিত হইবে, যথা:-

> “**১৫খ। ভাষান্তর।**- ধারা ১৫ এর (৩) উপ-ধারায় যাহাই থাকুক না কেন, ইতোপূর্বে নিবন্ধিত জন্ম নিবন্ধনের তথ্যের কোন পরিবর্তন না করাইয়া জন্ম নিবন্ধনের তথ্য বাংলা হইতে ইংরেজি বা ইংরেজি হইতে বাংলায় সংশ্লিষ্ট নিবন্ধক রূপান্তর করিতে পারিবেন।
>
> **১৫গ। রেজিস্ট্রার জেনারেল কর্তৃক জন্ম ও মৃত্যু সনদ সংশোধন সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ।**- ধারা ১৫ এর উপ-ধারা (১) হইতে (৬) এ যাহা কিছুই থাকুক না কেন রেজিস্ট্রার জেনারেল সময়ে সময়ে জন্ম বা মৃত্যু সনদ সংশোধন সংক্রান্ত যৌক্তিক সিদ্ধান্ত গ্রহণ ও আদেশ জারি করিতে পারিবেন।”

৯। **২০০৪ সনের ২৯ নং আইনে নূতন ধারা ১৭ক এর সন্নিবেশ।**– উক্ত আইনের ধারা ১৭ এর পর নিম্নরূপ নূতন ধারা ১৭ক সন্নিবেশিত হইবে, যথা:-

**“১৭ক। ভাইটাল স্ট্যাটিস্টিকস তৈরী**।- পরিসংখ্যান অধিদপ্তর CR(Civil Registration) তথা জন্ম ও মৃত্যু নিবন্ধন ডাটা হতে ভাইটাল স্ট্যাটিস্টিকস তৈরী করিবে।”

**১০। ২০০৪ সনের ২৯ নং আইনের ধারা ১৮ এর সংশোধন**।– উক্ত আইনের ধারা ১৮ এর উপ-ধারা (৩) এর দফা (খ) ও (ছছছ) এর শেষে “ইস্যু” শব্দটি সন্নিবেশিত হইবে।

**১১। ২০০৪ সনের ২৯ নং আইনের ধারা ২২ এর সংশোধন**।– উক্ত আইনের ধারা ২২ এ “রেজিস্ট্রার জেনারেল” শব্দের পর “বা জেলা প্রশাসক বা তাঁহার অধীনস্থ কোন কর্মকর্তা” শব্দগুলি সন্নিবেশিত হইবে।

সচিব
স্থানীয় সরকার বিভাগ